



### লাভ-ক্ষতির হিসাব কি?

অধিকাংশ খামারিই তার পণ্য উৎপাদনের প্রকৃত খরচ কত তা জানেন না বা এর কোন হিসাব রাখেন না কিন্তু এটি জানা অত্যন্ত জরুরি। একজন খামারি হাঁস মুরগি ও পশু পালনের পর সেই হাঁস মুরগি, পশু ও তা থেকে প্রাপ্ত ডিম, দুধ ও মাংস বাজারে বিক্রয় করলে কি পরিমাণ লাভ বা ক্ষতি হয় তা জানার জন্যে যে হিসাব রাখা হয় সেটি লাভ-ক্ষতির হিসাব।

### লাভ-ক্ষতির হিসাব কেন রাখবেন?

হাঁস-মুরগি ও পশু পালন পেশাকে দক্ষ ভাবে পরিচালনার জন্যে সকল আর্থিক লেনদেনের হিসাব সঠিকভাবে লিখে রাখা দরকার। লাভ-ক্ষতির হিসাবের মাধ্যমে একজন খামারি তার সকল লেনদেনের (খরচ) একটি সাধারণ হিসাব রাখতে পারে। ফলে সে হাঁস মুরগি ও পশু পালন করতে গিয়ে কত টাকা খরচ করেছে সেটি যেমন খুব সহজে বুঝতে পারবে তেমনি বিক্রয়মূল্য কত হলে সে লাভবান হবে সেটিও নির্ধারণ করতে পারবে।

### কিভাবে লাভ-ক্ষতির হিসাব রাখতে হবে?

লাভ-ক্ষতির হিসাব মূলত দুই ভাবে করা যায়, কাগজে কলমে (সংযুক্তি-১ এর একটি নমুনা দেওয়া হল) অথবা তথ্য প্রযুক্তি ব্যবহার করে (মোবাইল ফোন, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, এছাড়া নিকটস্থ তথ্য প্রযুক্তি কেন্দ্র থেকেও এ সেবাটি নেওয়া যায়)।

এখানে হিসাব রাখার জন্যে যে বিষয়গুলো বিবেচনা করা হয়ে থাকে সেগুলো হচ্ছে, ১. হাঁস-মুরগি ও পশু পালনের খরচসমূহ যেমন, শ্রমিকের মজুরী, ভ্যাক্সিন/ভিটামিন কেনা, পরিবহন, গোখাদ্য কেনা, হাঁস-মুরগী বাচ্চা কেনা/ গবাদী পশুর বাছুর কেনা, ব্রুডার (তাপদায়ক যন্ত্র) কেনা, পণ্য প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ২. আয়ের উপাদান যেমন পণ্যের পরিমাণ ও এর বাজার মূল্য। এখানে সম্ভাব্য/ পরিকল্পনাকৃত/ আনুমানিক খরচ ও প্রকৃত খরচ লেখা হয় এবং সম্ভাব্য/ পরিকল্পনাকৃত/ আনুমানিক আয় ও প্রকৃত আয় উল্লেখ করে কত লাভ বা ক্ষতি হল সেটা নিরূপন করা যায়। ফলে আশানুরূপ লাভের জন্যে খামারি বিকল্প প্রানিসম্পদ খোঁজ করতে পারবে ও সেগুলো পালন করে তার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করতে পারবে।

### লাভ-ক্ষতির হিসাব রাখার ফলে খামারি মূলত দুই

#### ভাবে লাভবান হতে পারেনঃ

- ১) বিভিন্ন প্রানিসম্পদ ও তাদের জাতের মধ্যে তুলনা করে অধিক লাভজনক হাঁস-মুরগি ও পশু পালনের জন্য নির্বাচন করা,
- ২) কিভাবে পশু পালন খরচ কমানো যায় সে সব জায়গা চিহ্নিত করা। এর মাধ্যমে খামারি তার পরিকল্পনাকৃত আয় এবং প্রকৃত আয়ের মধ্যে তুলনা করে হাঁস মুরগি ও পশু পালনকে লাভজনক ব্যবসায় পরিণত করতে পারবে।

তথ্য সূত্র : MEAS, CRS, DAE, DLS

সর্বশেষ সংযোজন : ২৩ ফেব্রুয়ারী, ২০১৬

যোগাযোগ : [info@ekrishok.com](mailto:info@ekrishok.com)

Visit: [www.extension.org.bd](http://www.extension.org.bd) for additional resources on agriculture, nutrition and extension

